

**তথ্য কমিশন**  
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ২৩/২০১৪

অভিযোগকারী : জনাব শাদীন মোঃ তারেক  
পিতা-মোহাম্মদ মজিবর রহমান  
এসএসএই/মেক:  
কেলোকা বাংলাদেশ রেলওয়ে  
পার্বতীপুর, দিনাজপুর।

প্রতিপক্ষ : জনাব রায়হান আহমেদ  
সহকারী কমিশনার  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
রেকর্ড রুম শাখা  
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৯-০৪-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব শাদীন মোঃ তারেক ২৩-০৬-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব রায়হান আহমেদ, সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রেকর্ড রুম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. নাগরিক সনদ অনুযায়ী খতিয়ানের নকল সরবরাহ পাওয়া একটি নাগরিক অধিকার, খতিয়ান ছেঁড়া থাকার কারণে রেকর্ড রুম কর্তৃক বিধিবদ্ধ সময়সীমার মধ্যে সাময়িকভাবে নকল সরবরাহ করা সম্ভব নাও হতে পারে কিন্তু চূড়ান্তভাবে উক্ত কারণেই আমাকে যদি খতিয়ানের নকল সরবরাহ করা না হয়ে থাকে তাহলে কোন আইন অনুযায়ী আমার প্রাপ্যতা রহিত হয়েছে?
২. খতিয়ানের নকল সরবরাহের বিকল্প উৎস অনেক, (যেমন-ডেলিভারীকৃত নকলের কপি বা অন্যান্য অফিসের কপি ইত্যাদি) এগুলো থেকে যে কোন প্রকারে নকল প্রদান করে রেকর্ড রুমের সেবা অঙ্গুল রাখা যায়, নচেৎ নাগরিক অধিকার ক্ষুণ্ণ হয়, তাই বিকল্প ব্যবস্থায় আমাকে খতিয়ানের নকল সরবরাহ করা হবে কি?

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৬-০১-২০১৪ তারিখে জনাব হেলালুন্দীন আহমদ, বিভাগীয় কমিশনার ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), রাজশাহী বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৪-০২-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৬-০৩-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৭-০৩-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সময় চেয়ে আবেদন করেন। কমিশন কর্তৃক সময়ের আবেদন মণ্ডের করা হয় এবং ২৯-০৪-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

০৫। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব শাদীন মোঃ তারেক ও প্রতিপক্ষ জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী এর সহকারী কমিশনার জনাব রায়হান আহমেদ হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। পরবর্তীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তাকে ২০-০৩-২০১৪ তারিখে তথ্য সরবরাহ করেন এবং প্রাপ্ত তথ্যে তিনি সন্তুষ্ট।

(অ: পঃ দ্রঃ)

০৬। জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী এর সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, যথাসময়ে অভিযোগকারীর প্রার্থীত তথ্য সরবরাহ করতে না পারায় তিনি দুঃখীত। বিগত ২০-০৩-২০১৪ তারিখে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করা হয়েছে এবং প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট হয়ে অভিযোগকারী লিখিত মতব্য প্রদান করেছেন।

### পর্যালোচনা।

অভিযোগকারী ও প্রতিপক্ষ উভয়ের বক্তব্য শ্রবনাত্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনাতে পরিলক্ষিত হয় যে, প্রতিপক্ষ কর্তৃক অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্যাদি সরবরাহ করা হয়েছে। অভিযোগকারী তথ্য প্রাপ্ত হয়েছেন এবং সন্তুষ্টি জ্ঞাপন করেছেন বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

যেহেতু, অভিযোগকারী তথ্য প্রাপ্ত হয়েছেন এবং সন্তুষ্টি জ্ঞাপন করেছেন, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তিকৃত বলে গণ্য করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. সাদেকা হালিম)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ আবু তাহের)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার